



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
[www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)



স্মারক নম্বর- ০৬/কল/বিজ্ঞপ্তি/০২  
বিজ্ঞপ্তি


তারিখ: ০৬/০২/২০২০

বিষয়: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজের অধ্যক্ষ, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ছাড়পত্রের (টিসি) মাধ্যমে এক কলেজ থেকে অন্য কলেজে ভর্তির অনুমতি এবং আন্তঃবোর্ড ছাড়পত্রের অনুমতির জন্য আবেদনের সময় ১৭/১১/২০২০খ্রি. তারিখ থেকে ০২/১২/২০২০খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। এই সময়ের মধ্যে শিক্ষার্থীর অনলাইন আবেদনের ভিত্তিতে ১ম প্রতিষ্ঠান অনলাইনে স্বাক্ষর/সাইন করলে ২য় প্রতিষ্ঠান/ভর্তি ইচ্ছুক প্রতিষ্ঠান অনলাইনে সাইন/স্বাক্ষর করবে অতঃপর সোনালী সেবা ১১০০/- (এক হাজার এক শত) টাকার পে-স্লিপ তৈরী হবে (অটো জেনারেটেড)। উক্ত পে-স্লিপ এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংকে ০৫ পাঁচ দিনের মধ্যে নির্ধারিত ফিস জমা দিতে হবে, অন্যথায় আবেদনটি বাতিল বলে গন্য হবে।

বি. দ্র. :

- শিক্ষার্থীর আবেদনের ভিত্তিতে নিজ নিজ প্রতিষ্ঠান টিসি অপসন ([www.rajshahieducationboard.gov.bd](http://www.rajshahieducationboard.gov.bd)) এ login করে user id এবং password ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর পক্ষে sign করবে; অনুরূপভাবে ভর্তিচ্ছুক প্রতিষ্ঠান নির্ধারিত GPA এবং আসন ফার্মা থাকা সাপেক্ষে sign করবে।
- ছাড়পত্র প্রদানের অনুমতি পাওয়ার পর বর্তমান কলেজ থেকে ছাড়পত্র গ্রহণ করে ১৫ দিনের মধ্যে ভর্তির সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে;
- ছাড়পত্র প্রদানকালে কলেজে সংরক্ষিত একডেমিক ট্রান্সক্রিপ্ট ফেরত প্রদান করতে হবে এবং ভর্তি গ্রহণকারী কলেজকে শিক্ষার্থীর নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট নিয়ে নিজ হেফাজতে সংরক্ষণ করতে হবে;
- ছাড়পত্র প্রদানকারী কলেজ যে মাসে ছাড়পত্র প্রদান করবে সেই মাস পর্যন্ত বেতনাদি গ্রহণ করবে এবং ভর্তি গ্রহণকারী কলেজ পূর্বের কলেজে যে পর্যন্ত বেতন পরিশোধ আছে তার পরবর্তী মাস থেকে বেতনাদি গ্রহণ করবে;

  
প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা বোর্ড রাজশাহী
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, শিক্ষা বোর্ড রাজশাহী
- ৩। উপ-পরিচালক (হি: ও নি:), শিক্ষা বোর্ড রাজশাহী
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (চ:দা:), শিক্ষা বোর্ড রাজশাহী
- ৫। প্রধান-মূল্যায়ন অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড রাজশাহী
- ৭। সহ-মূল্যায়ন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
- ৮। অধ্যক্ষ, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ বিদ্যালয় ও কলেজ